সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৯৯

১৬/ রক্তপণ (كتاب الديات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কোন মুমিনকে হত্যা করার বিষয়ে কঠোর সতর্কবাণী।

باب مَا جَاءَ فِي تَشْدِيدِ قَتْلِ الْمُؤْمِنِ .

আরবী

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلَفٍ وَمُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ بَزِيعٍ حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ شُعْبَةَ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " لَزَوَالُ الدُّنْيَا أَهْوَنُ عَلَى اللَّهِ مِنْ قَتْلِ رَجُلٍ مُسْلِمٍ " .
حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، نَحْوَهُ وَلَمْ يَرْفَعْهُ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ ابْنِ أَبِي عَدِيٍّ . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَعْدٍ، وَابْنِ، عَبَّاسٍ وَأَبِي سَعِيدٍ وَأَبِي هُرَيْرَةَ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ وَابْنِ مَسْعُودٍ وَبُرَيْدَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو هَكَذَا رَوَاهُ ابْنُ أَبِي عَدِيٍّ عَنْ شُعْبَةَ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرَوَى مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، وَغَيْرُ، وَاحِدٍ، عَنْ شُعْبَةَ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، فَلَمْ يَرْفَعْهُ وَهَكَذَا رَوَى سُفْيَانُ الثَّوْرِيُّ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، مَوْقُوفًا وَهَذَا أَصَحُّ مِنَ الْحَدِيثِ الْمَرْفُوعِ .

বাংলা

১৩৯৯. আবূ সালামা ইয়াহইয়া ইবনু খালাফ ও মুহাম্মদ ইবনু আবদুল্লাহ ইবনু রাযী’ (রহঃ) .... আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন একজন মুসলিম ব্যক্তির হত্যার তুলনায় দুনিয়া ধ্বংস হয়ে যাওয়াও আল্লাহর নিকট অধিকতর সহজ। - গায়াতুল মারাম ৪৩৯, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৯৫ [আল মাদানী প্রকাশনী]

১৩৯৯ (ক). মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু থেকে অনুরূপ বর্ণিত আছে। কিন্তু এটি মারফুরূপে বর্ণনা করা হয়নি। এই রিওয়ায়াতটি ইবন আদী (রহঃ)-এর রিওয়ায়াত (১৩৯৯ নং)

থেকে অদিকতর সহীহ।

এই বিষয়ে সা’দ ইবনু আব্বাস, আবূ সাঈদ, আবূ হুরায়রা, উকবা ইবনু আমির ও বুরায়দা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে, আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু এই রিওয়ায়াতটি (১৩৯৯ (ক) নং) ইবনু আবী আদী (রহঃ) ও শু’বা-ইয়া’লা ইবনু আতা (রহঃ) সূত্রে এইরূপ বর্ণনা করেছেন্ এই সূত্রে এটিকে মারফুরূপে বর্ণনা করা হয়নি। সুফইয়ান ছাওরী (রহঃ) এটিকে ইয়ালা ইবনু আতা (রহঃ) থেকে মওকূফ’রূপে রিওয়ায়াত করেছেন। এটি মারফু’ হাদীস থেকে অধিকতর সহীহ।

English

Narrated 'Abdullah bin 'Amr:
that the Prophet (ﷺ) said: "The world ceases to exist is less significant to Allah than killing a Muslim man."
(Another chain) from 'Abdullah bin 'Amr, and it is similar but he did not narrated it in Marfu' form.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন